অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/17/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল রচেস্টারে বয়স্কদের জন্য 13.5 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী এবং সমর্থক আবাসন নির্মাণের কাজ সম্পূর্ণ হওয়ার ঘোষণা দিলেন

জায়ন হিল সিনিয়র অ্যাপার্টমেন্টসে থাকছে পরিবহন-সমৃদ্ধ এলাকায় 45টি নিরাপদ, সাশ্রয়ী এবং শক্তিদক্ষ বাড়ি

বিনিয়োগটি "ফিঙ্গার লেকস ফরওয়ার্ড" এর পরিপূরক - যা সম্প্রদায়ের পুনরুজ্জীবন এবং অর্থনীতি বাড়ানোর জন্য অঞ্চলের ব্যাপক কৌশল

ছবি পাওয়া যাবে এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে দক্ষিণপশ্চিম রচেস্টারে 13.5 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী এবং সমর্থক আবাসন নির্মাণের কাজ সম্পূর্ণ হয়েছে। জায়ন হিল সিনিয়র অ্যাপার্টমেন্টসে (Zion Hill Senior Apartments) থাকছে 55 বা তার বেশি বয়সের গৃহস্থালির জন্য 45টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট, যার মধ্যে সাতটি অ্যাপার্টমেন্ট স্বাধীনভাবে জীবনযাপন করতে যাদের সমর্থক সেবা প্রয়োজন, তাদের জন্য সংরক্ষিত থাকবে।

"বয়স্কদের স্বাস্থ্যবান, সক্রিয়, এবং নিজেদের সম্প্রদায়ে জড়িত রাখতে সাহায্য করার জন্য নিরাপদ, সাশ্রয়ী, এবং সমর্থক আবাসন উপলভ্য থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ," **গভর্নর হোকল বলেন।** "জায়ন হিল সিনিয়র অ্যাপার্টমেন্টস একটি আরামদায়ক ও নিরাপদ পরিবেশ প্রদান করে, একইসাথে এটি রচেস্টারের পরিবহন-কেন্দ্রিক পুনরুজ্জীবন প্রচেষ্টারও সম্পূরক। এধরনের নির্মাণকাজ শেষপর্যন্ত আমাদেরকে ভবিষ্যতে সবুজতর ও আরো ন্যায্য নিউ ইয়র্ক অর্জনে সাহায্য করবে।"

জায়ন হিল সিনিয়র অ্যাপার্টমেন্টস হলো আবাসনকে আরো সাশ্রয়ী, ন্যায্য, ও স্থিতিশীল করতে গভর্নর হোকলের সুদূরপ্রসারী পরিকল্পনার অংশ। এই বছর, স্টেট 100,000টি সাশ্রয়ী বাসা তৈরি ও সংরক্ষণ করে এর বর্তমান আবাসন পরিকল্পনা (Housing Plan) লক্ষ্যে পৌঁছাতে যাচ্ছে এবং ইতিমধ্যে সমর্থক সেবাসহ 6,000 ইউনিট তৈরির লক্ষ্য ছাড়িয়ে গেছে। গভর্নর হোকল এই সফল প্রচেষ্টার উপর ভিত্তি করে একটি নতুন 25 বিলিয়ন মার্কিন ডলারের, পাঁচ বছর মেয়াদি আবাসন পরিকল্পনার প্রস্তাব করছেন যা নিউ ইয়র্কের শহুরে ও গ্রামীণ এলাকায় আরো 100,000টি সাশ্রয়ী বাসা তৈরি ও সংরক্ষণ করবে, যার মধ্যে 10,000টি সমর্থক সেবাসহ হবে। তার 2023 নির্বাহী

বাজেটে (2023 Executive Budget) প্রদত্ত রূপরেখা অনুযায়ী, জায়ন হিল গণপরিবহনের কাছাকাছি বহু-পরিবারের আবাসন নির্মাণ উৎসাহিত করতে গভর্নরের প্রতিশ্রুতিকেও জোরদার করে, আবাসন অনিরাপত্তা হ্রাস করে ক্রয়ক্ষমতা বৃদ্ধি করে এবং অর্থনৈতিক প্রবৃদ্ধিকে চালিত করে। সামাজিক এবং অর্থনৈতিক গতিশীলতা এবং গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাসও তার প্রস্তাবনার মুখ্য উপাদান।

নির্মাণকাজে রয়েছে ডাঃ স্যামুয়েল ম্যাকক্রি ওয়ে এবং উডেন স্ট্রিটের কোনায় একটি একক L-আকৃতির ভবন। একাধিক বাস রুটে বহুসংখ্যক পরিষেবার কারণে এই অবস্থানটিকে রচেস্টার শহর কর্তৃক একটি "পরিবহন সমর্থক করিডোর (Transit-Supportive Corridor)" হিসেবে আখ্যা দেওয়া হয়েছে এবং এটিকে কৌশলগত নির্মাণকাজের একটি অভীষ্ট লক্ষ্য হিসেবে চিহ্নিত করা হয়েছে।

45টি অ্যাপার্টমেন্টের প্রতিটিই এলাকার মধ্যম আয়ের (Area Median Income) 50 শতাংশ বা তার কম উপার্জন করা গৃহস্থালির ক্রয়ক্ষমতার মধ্যে থাকবে। সাতটি গৃহস্থালিতে রচেস্টার ম্যানেজমেন্ট, ইনকর্পোরেটেড (Rochester Management, Inc.) প্রদত্ত অনসাইট সমর্থক সেবা পাওয়ার সুযোগ থাকবে।

ভবনটিতে অনেক নিরাপত্তা বৈশিষ্ট্য থাকবে যেমন মূল করিডোরসমূহে কার্পেট ও রেলিং, এবং পড়ে যাওয়ার ঝুঁকি হ্রাস করতে প্রতি অ্যাপার্টমেন্টে ধরে উঠার বার থাকবে। এছাড়াও প্রতি অ্যাপার্টমেন্টে একটি জরুরি সাহায্যের যোগাযোগ ব্যবস্থা থাকবে। চলাচলে অক্ষম ভাড়াটিয়াদের জন্য পাঁচটি সম্পূর্ণ অভিযোজিত এবং বসবাসের জন্য প্রস্তুত অ্যাপার্টমেন্ট রয়েছে এবং শ্রবণ বা দৃষ্টি প্রতিবন্ধী ভাড়াটিয়াদের জন্য দুইটি সম্পূর্ণ অভিযোজিত এবং বসবাসের জন্য প্রস্তুত অ্যাপার্টমেন্ট রয়েছে।

জায়ন হিল সিনিয়র অ্যাপার্টমেন্টস লেড বাতি,এনার্জি স্টার সনদপ্রাপ্ত অ্যাপ্লায়েন্স এবং হিটিং ও কুলিংয়ের জন্য উচ্চ কার্যকারিতার ফার্নেস ও কনডেনসিং ইউনিটের মতো শক্তিদক্ষ বৈশিষ্ট্য নিয়ে গর্ব করে। আবাসিক সুযোগ সুবিধার মধ্যে রয়েছে কাপড় ধোয়ার ব্যবস্থা, রান্নাঘরসহ একটি কমিউনিটি কক্ষ, একটি ফিটনেস কক্ষ এবং ছাদের উপর একটি প্যাটিও। প্রতি অ্যাপার্টমেন্টে রয়েছে একটি ব্যালকনি বা প্যাটিও এবং অনেক জিনিস জমিয়ে রাখার স্থান।

নির্মাণ দলটি হলো জায়ন হিল মিশনারি ব্যাপ্টিস্ট চার্চ (Zion Hill Missionary Baptist Church) এবং রচেস্টার ম্যানেজমেন্ট, ইনকর্পোরেটেডের একটি যৌথ উদ্যোগ।

জায়ন হিল সিনিয়র অ্যাপার্টমেন্টসে স্টেটের সমর্থনের মধ্যে রয়েছে ফেডারেল নিম্ন-আয়ের আবাসন কর ক্রেডিট (Low-Income Housing Tax Credits) যা 8.8 মিলিয়ন মার্কিন ডলার ইক্যুইটি সৃষ্টি করেছে এবং নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal, HCR) থেকে 3.5 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি। নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDY) 45,000 মার্কিন ডলার সমর্থন প্রদান করবে। অতিরিক্ত অর্থায়ন করেছে রচেস্টার সিটি এবং ফেডারেল হোম লোন ব্যাঙ্ক (Federal Home

Loan Bank)। রচেস্টার আবাসন কর্তৃপক্ষ (Rochester Housing Authority) ৪টি প্রকল্প-ভিত্তিক আবাসন চয়েস ভাউচার প্রদান করছে।

HCR কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "সকল নিউ ইয়র্কবাসীর তারা যেই সম্প্রদায়কে ভালোবাসে সেখানে তাদের সামর্থ্যের মধ্যে নিরাপদ বাসায় শেষ বয়স কাটানোর অধিকার রাখে।জায়ন হিল এই গুরুত্বপূর্ণ এলাকায় চিন্তা নিয়ে নকশা করা শক্তিদক্ষ এবং সুবিধাজনক, পরিবহন-কেন্দ্রিক অবস্থানে অ্যাপার্টমেন্ট প্রদান করবে। আমরা রচেস্টারের বিশ্বাস-ভিত্তিক সম্প্রদায়ের সাথে আমাদের অংশীদারিত্বের জন্য কৃতজ্ঞ, যার মধ্যে রয়েছে জায়ন হিল মিশনারি ব্যাপ্টিস্ট চার্চ এবং রচেস্টার ম্যানেজমেন্ট, ইনকর্পোরেটেড, যারা এই শহরকে আগের থেকেও ভালো বসবাসের স্থান হিসেবে তৈরি করতে আমাদের মতই প্রতিশ্রুতিবদ্ধ।"

NYSERDA প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "জায়ন হিল সিনিয়র অ্যাপার্টমেন্টসের ফিতা কাটার ফলে রচেস্টারের দুঃস্থ বয়স্কদের জন্য এখন সাশ্রয়ী ও সমর্থক আবাসন পাওয়ার সুযোগ বৃদ্ধি পেলো যেগুলি শুধু নিরাপদ এবং আরামদায়ক নয়,বরং শক্তিদক্ষও। যখন আমরা 2030 সালের মধ্যে দুই মিলিয়ন জলবায়ুবান্ধব বাড়ি তৈরি করতে গভর্নর হোকলের লক্ষ্য অর্জনে অগ্রসর হচ্ছি, তখন NYSERDA এবং স্টেট ক্ষতিকর নিঃসরণ হ্রাস করতে এবং একইসাথে সকল নিউ ইয়র্কবাসী যাতে পরিচ্ছন্ন শক্তিতে এই রূপান্তর দ্বারা লাভবান হতে পারে তা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ।"

রচেস্টার ম্যানেজমেন্ট, ইনকর্পোরেটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা ও প্রেসিডেন্ট পেগি জে. হিল বলেন, "আমরা রচেস্টার সিটিতে বয়স্কদের জন্য অতি প্রয়োজনীয়, আধুনিক, সুন্দর এবং সাশ্রয়ী আবাসন আনতে পেরে অত্যন্ত খুশি, এগুলি তাদের শেষ বয়স একস্থানে কাটানোর সময় তাদের চাহিদা পূরণের জন্য মানানসই।"

জায়ন হিল মিশনারি ব্যাপ্টিস্ট চার্চের রেভারেন্ড ডাঃ রিচার্ড ডগলাস বলেন, "জায়ন হিল এমন একটি গির্জা যা আধ্যাত্মিক ক্ষমতায়ন এবং সম্প্রদায়ের উন্নতির জন্য প্রতিশ্রুতিবদ্ধ।"

সিনেটর জেরেমি কুনি বলেন, "এই সহযোগিতা ও বিনিয়োগ আমাদের সম্প্রদায়ে সাশ্রয়ী, সমর্থক বয়স্কদের আবাসনের একটি অতি জরুরি প্রয়োজন মেটায়। আমরা আমাদের অঞ্চলের দুঃস্থ জনগোষ্ঠীর চাহিদাতে মনোযোগ প্রদানের জন্য নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল, জায়ন হিল মিশনারি ব্যাপ্টিস্ট চার্চ, এবং রচেস্টার ম্যানেজমেন্ট, ইনকর্পোরেটেডের অংশীদারিত্বের জন্য কৃতজ্ঞ। আমি "পরিবহন সমর্থক করিডোরের" ভবিষ্যৎ বিকাশের জন্য, আমাদের বয়স্কদের প্রতি নিউ ইয়র্ক স্টেটের অব্যাহত প্রতিশ্রুতি দেখতে আগ্রহী।"

মনরো কাউন্টির নির্বাহী অ্যাডাম বেলো বলেন, "আমাদের বয়স্কদের সাশ্রয়ী আবাসন প্রাপ্য, যা তাদের স্বাস্থ্যকর, স্বাধীন জীবনযাপনের চাহিদা পূরণ করে। এধরনের প্রকল্প হলো সকলের জন্য অবকাঠামো উন্নত করতে আমার প্রশাসনের প্রতিশ্রুতির একটি মুখ্য অংশ। আমি গভর্নর ক্যাথি হোকল, মেয়র মালিক এভান্স, জায়ন হিল মিশনারি ব্যাপ্টিস্ট চার্চ এবং রচেস্টার

ম্যানেজমেন্ট, ইনকর্পোরেটেডকে এই অতি প্রয়োজনীয় আবাসন নির্মাণ প্রকল্পকে বাস্তবে পরিণত করার জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

মেয়র মালিক এভান্স বলেন, "জায়ন হিল সিনিয়র অ্যাপার্টমেন্টস হলো আমাদের শহরের উন্নয়নের প্রতীক। এই কাজ শেষ হওয়ার ফলে এটি আমাদের সম্প্রদায়ে মানসম্পন্ন, সাশ্রয়ী আবাসনের অতি গুরুত্বপূর্ণ একটি চাহিদা পূরণ করে এবং বুলস হেড এলাকার পুনরুজ্জীবন অব্যাহত রাখে। আমি আমাদের স্থানীয় নেতৃবৃন্দের এবং সম্প্রদায়ের স্টেকহোল্ডারদের সাথে সিটির চলমান অংশীদারিত্বের জন্য কৃতজ্ঞ যার ফলে আমরা সকলের জন্য আবাসন সমতা আনতে আমাদের চেষ্টা অব্যাহত রাখতে পারি।"

ফিঙ্গার লেকস ফরোয়ার্ডকে ত্বরান্বিত করা

আজকের ঘোষণাটি "ফিঙ্গার লেকস ফরওয়ার্ড" এর পরিপূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সম্প্রদায়ের উন্নয়নের জন্য এই অঞ্চলের ব্যাপক ব্লুপ্রিন্ট। আঞ্চলিকভাবে পরিকল্পিত পরিকল্পনাটি ফোটোনিক্স, কৃষি এবং খাদ্য উৎপাদন, এবং উন্নত উত্পাদন সহ মূল শিল্পগুলিতে বিনিয়োগের উপর দৃষ্টি নিবদ্ধ করে। এখন, অঞ্চলটি আপস্টেট পুনর্জাগরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের রাষ্ট্রীয় বিনিয়োগের সাথে ফিঙ্গার লেকস ফরওয়ার্ডকে ত্বরান্বিত করছে। স্টেটের 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি ব্যবসগুলিকে 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করতে অনুপ্রাণিত করবে - এবং জমা দেওয়া অঞ্চলের পরিকল্পনাটি 8,200-টি অবধি নতুন চাকরি প্রদান করার আশা রাখে। আরও তথ্য এখানে রয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন